

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৯/২০১৫

অভিযোগকারী : জনাব পান্নালাল বাশফোর  
পিতা-গনেশ চন্দ্র বাশফোর  
ফেয়ার, ৪৫/১ আর এ খাঁন চৌধুরী  
সড়ক, (ছয়রাস্তার মোড়)  
থানাপাড়া, কুষ্টিয়া।

প্রতিপক্ষ : জনাব মোঃ আব্দুর রাজ্জাক  
উপ-পরিচালক (অঃদাঃ)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
জেলা সমাজসেবা কার্যালয়  
নীলফামারী।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৯-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর ০৯-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ২০১৩-১৪ অর্থ বছরে দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় আপনার জেলায় প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চতর স্তরে যে সকল শিক্ষার্থীদের শিক্ষাভাতা প্রদান করা হয়েছে তাদের নাম ঠিকানাসহ মাস্টাররোলের ফটোকপি।
- ২০১৩-১৪ অর্থ বছরে দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় আপনার জেলায় যে সকল ৫০ বছর বা তার উর্দে অক্ষম/দুঃস্থদের বিশেষ ভাতা প্রদান করা হয়েছে তাদের নাম ঠিকানাসহ মাস্টাররোলের ফটোকপি।
- ২০১৩-১৪ অর্থ বছরে দলিত, হরিজন ও বেদে সম্প্রদায়ের জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় আপনার জেলায় যে সকল দলিত ও হরিজন ব্যক্তিকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে তাদের নাম ঠিকানাসহ মাস্টাররোলের ফটোকপি।
- এই কর্মসূচি বাস্তবায়নে জেলা কমিটির সদস্যদের নামের তালিকাসহ মিটিং এ গৃহীত সিদ্ধান্তসমূহ।

০২। আবেদনের পর ১৪-০৯-২০১৪ তারিখে ৪১.০১.৭৩০০.০০০.১৬.১১০.১২৭৫৮ নং স্মারক মারফৎ জনাব মোঃ আবদুস সোবহান, উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী কার্যক্রম প্রক্রিয়াধীন থাকায় তথ্য সরবরাহ করতে পারেননি, অতিশীঘ্র অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি সংক্রান্ত কাজ সম্পন্ন হবে এবং পরবর্তিতে এ বিষয়ে তথ্যাদি সরবরাহ করা যাবে বলে অভিযোগকারীকে পত্র মারফত অবহিত করেন। প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-১২-২০১৪ তারিখে আপীল কর্মকর্তা, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৯-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপ-পরিচালক (অঃদাঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্মসূচী বাস্তবায়নের কাজ চলমান থাকায় তথ্য সরবরাহ করতে পারেননি মর্মে তাকে পত্র মারফৎ জানিয়ে দেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল করার পরও কোন তথ্য না পেয়ে কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পৃ: দ্র:)

০৫। প্রতিপক্ষ উপ-পরিচালক (অঃদাঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর আবেদনকালীন সময়ে কর্মসূচী বাস্তবায়নের কার্যক্রম চলমান থাকায় তথ্য প্রদান করা সম্ভব হয়নি তা অভিযোগকারীকে জানিয়ে দিয়েছেন। বর্তমানে কার্যক্রম সম্পন্ন হয়েছে। তথ্য প্রস্তুতপূর্বক আজকে সাথে নিয়ে এসেছেন এবং তা অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে কর্মসূচী বাস্তবায়নের কার্যক্রম চলমান থাকায় তথ্য সরবরাহ করতে পারেননি। বর্তমানে কার্যক্রম সম্পন্ন হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৯-০৩-২০১৫ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপ-পরিচালক (অঃদাঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার